দৈনিক ইনকিলাব

তারিখ 23 DEC 1991
পৃষ্ঠা ১ কলাম ৪

১৮৬

# ঢাঃ বিঃ শিক্ষক সমিতির নির্বাচনে সাদা প্যানেল বিজয়ী

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদের নির্বাচনে জাতীয়তাবাদী ব্লক বলে পরিচিত 'সাদা' প্যানেলের প্রার্থিগণ মোট ১৫টি পদের মধ্যে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ১২টি পদেই বিজয়ী হয়েছেন। সহ-সভাপতি ও দু'জন সদস্যসহ বাকী ৩টি পদ লাভ করেছেন শিক্ষকদের 'নীল' ও 'গোলাপী' গ্রুপের যৌথ প্যানেলের প্রার্থিগণ।

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## ঢাঃ বিঃ শিক্ষক সমিতি

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষকদের 'নীল-গোলাপী' অংশটি 'আওয়ামী-সিপিবি সমর্থক' বা 'ভারত-মস্কোপন্থী' বলে পরিচিত।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে গতকাল অনুষ্ঠিত এ নির্বাচনে সভাপতি পদে জীব বিজ্ঞান অনুষদের ডীন ও মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর ডঃ এস এম এ ফায়েজ (৪৫৭ ভোট) এবং সাধারণ সম্পাদক পদে বাংলা বিভাগের প্রফেসর ডঃ সাঈদ-উর-রহমান (৩৯৫ ভোটে) নির্বাচিত হয়েছেন। নীল-গোলাপী যৌথ প্যানেল থেকে এ দু'টো পদে প্রতিদ্বন্দ্বিতা করেন যথাক্রমে রসায়ন বিভাগের প্রফেসর ডঃ মাহতাব উদ্দিন চৌধুরী (২৭৯ ভোট) এবং রাষ্ট্র বিজ্ঞান বিভাগের এসোসিয়েট প্রফেসর ডঃ মোঃ হারুন-অর-রশিদ (৩২৭ ভোট)।

শিক্ষক সমিতির সহ-সভাপতি পদে প্রাণী বিদ্যা বিভাগের প্রফেসর ডঃ শাহাদত আলী (নীল-গোলাপী), কোষাধ্যক্ষ পদে ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের প্রফেসর ডঃ মোহাম্মদ শামছুল হক (সাদা) এবং যুগ্ম সম্পাদক পদে মার্কেটিং বিভাগের এসোসিয়েট প্রফেসর ডঃ সৈয়দ রাশিদুল হাসান (সাদা) নির্বাচিত হয়েছেন।

শিক্ষক সমিতির সদস্য পদে নির্বাচিতরা হলেন— প্রফেসর ডঃ কে এম মোহসীন (সাদা), প্রফেসর ডঃ এ কে এম নজরুল ইসলাম (সাদা), ডঃ জামাল উদ্দিন আহমেদ (সাদা), প্রফেসর মনিরুল হক (সাদা), প্রফেসর ডঃ মমতাজ উদ্দিন আহমেদ (সাদা), প্রফেসর ডঃ মোহাম্মদ শফি (সাদা), প্রফেসর মোহাম্মদ শামসুদ্দোহা (সাদা), জনাব শফিকুর রহমান (সাদা), প্রফেসর ডঃ আবদুল মমিন চৌধুরী (নীল-গোলাপী) ও প্রফেসর ডঃ আমিনুল ইসলাম (নীল-গোলাপী)।

নির্বাচনে ৭৫২ জন শিক্ষক ভোটাধিকার প্রয়োগ করেন। সকাল ১০টা থেকে ২টা পর্যন্ত এ নির্বাচন অনুষ্ঠিত হয়।

**প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্লাবের নির্বাচন**

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় ক্লাবের ১৯৯২ সালের কার্যকরী পরিষদের নির্বাচনে ডঃ আমিনুল হক ও ডঃ দেলোয়ার হোসেন যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন।